# বাংলাদেশ-যুক্তরাষ্ট্র সম্পর্ক নতুন উচ্চতায়: শামা ওবায়েদ




শামা ওবায়েদ। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে সংক্ষিপ্ত সফরে একাধিক বৈঠক শেষে বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ বলেছেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক আগের যেকোনো সময়ের তুলনায় আরও শক্তিশালী হচ্ছে। তার মতে, দুই দেশের মধ্যে বাণিজ্যসহ বিভিন্ন খাতে সহযোগিতা ক্রমাগত বাড়ছে।

স্থানীয় সময় সোমবার তিনি যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তা, ইন্টারন্যাশনাল রিপাবলিকান ইনস্টিটিউট এবং আটলান্টিক কাউন্সিলের শীর্ষ প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। একই দিনে তিনি দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক দপ্তরের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারির সঙ্গেও আলোচনা করেন।

বৈঠকের শুরুতে তিনি দেশের রাজনৈতিক পরিস্থিতি ও সরকারের অবস্থান তুলে ধরেন। তিনি বলেন, জনগণের ভোটে নির্বাচিত একটি সরকারের নেতৃত্বে দেশ পরিচালিত হচ্ছে এবং গণতান্ত্রিক ধারায় বাংলাদেশ অগ্রসর হচ্ছে।

শামা ওবায়েদ আরও বলেন, বিএনপি সরকারের পররাষ্ট্রনীতি ও উন্নয়ন অগ্রাধিকারের কেন্দ্রবিন্দুতে রয়েছে দেশের স্বার্থ। তার ভাষায়, সব ক্ষেত্রে প্রথম অগ্রাধিকার থাকবে বাংলাদেশ ও দেশের জনগণ, এবং এই অবস্থান থেকে সরকার কখনো সরে যাবে না।